## আলোচনার মাধ্যমেই সমাধান সম্ভব -আরেফিন সিদ্দিক

## নিজস্ব প্রতিবেদক

০৭ জুলাই ২০২৪, ১২:০০ এএম











ঢাকা বিশ্ববিদ্যালয়ের সাবেক উপাচার্য ও শিক্ষাবিদ আ আ ম স আরেফিন সিদ্দিক বলেছেন, সর্বজনীন পেনশন নিয়ে বিশ^বিদ্যালয় শিক্ষকদের অসন্তোষ এবং কোটাপ্রথা নিয়ে শিক্ষার্থীদের সমস্যা এমন কিছু নয় যে আলোচনার মাধ্যমে সমাধান সম্ভব নয়। বরং সরকারের সঙ্গে আলোচনার মাধ্যমেই এ দুই সমস্যার সমাধান সম্ভব এবং তা দ্রুত করাই হবে সব পক্ষের জন্য মঙ্গল।

সর্বজনীন পেনশন নিয়ে বিশ^বিদ্যালয় শিক্ষকদের আন্দোলন এবং চাকরিতে কোটাপ্রথা বাতিল চেয়ে শিক্ষার্থী বা চাকরিপ্রত্যাশীদের আন্দোলন ইস্য নিয়ে গতকাল শনিবার মন্তব্য জানতে চাইলে আরেফিন সিদ্দিক দৈনিক আমাদের সময়কে এসব কথা বলেন। প্রসঙ্গত, তিনি এক সময় ঢাকা বিশ^বিদ্যালয় শিক্ষক সমিতিরও নেতৃত্ব দিয়েছেন।

আ আ ম স আরেফিন সিদ্দিক বলেন, 'আমার মনে হয়, আমাদের নীতিনির্ধারণী মহল বিশেষ করে সরকারের পক্ষ থেকে যদি দ্রুত আলোচনা করা যায় এবং আন্দোলনকারী শিক্ষক-শিক্ষার্থীদের সঙ্গে বসা যায়, তাহলে সমাধান হয়ে যাবে। সমাধানে লক্ষ্য নিয়ে সব পক্ষের বসাটাই গুরুত্বপূর্ণ। পৃথিবীর সব সমস্যাই কিন্তু আলোচনার মাধ্যমে সমাধান করা যায়। এটিও সমাধান করা যাবে বলে আমি আশাবাদী।' তিনি বলেন, তবে সমাধানের ইচ্ছায় বসতে হবে। এই বসাটা যত দ্রুত হবে ততই দেশের জন্য মঙ্গল, সরকারের জন্য মঙ্গল। এমনকি আন্দোলনকারীদের জন্য মঙ্গল।